ICT DIVISION

FUTURE IS HERE



# ডিজিটাল অগ্রযাত্রার ১৮০ দিন




তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রারম্ভিকা

প্রযুক্তি আজ কেবল উন্নয়নের একটি অনুষঙ্গ নয় - অর্থনীতি, কর্মসংস্থান, জনসেবা, শিক্ষা, উদ্ভাবন ও রাষ্ট্র পরিচালনায় এটি অন্যতম প্রধান চালিকাশক্তি। দ্রুত পরিবর্তনশীল বৈশ্বিক বাস্তবতায় একটি দেশের অগ্রযাত্রা ক্রমেই নির্ভর করছে তার প্রযুক্তিগত সক্ষমতা, দক্ষ মানবসম্পদ, নিরাপদ ডিজিটাল অবকাঠামো এবং উদ্ভাবনী শক্তির ওপর। এই বাস্তবতাকে সামনে রেখে বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের পর স্বল্প সময়ে দৃশ্যমান, পরিমাপযোগ্য ও জনমুখী পরিবর্তন নিশ্চিত করতে ১৮০ দিনের অগ্রাধিকারভিত্তিক কর্মসূচি গ্রহণ করে। সরকারের এ কর্মসূচির সঙ্গে সামঞ্জস্য রেখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগও প্রযুক্তিকে মানুষের জীবনমান উন্নয়ন ও অর্থনৈতিক অগ্রগতির কার্যকর হাতিয়ার হিসেবে প্রতিষ্ঠার লক্ষ্যে একগুচ্ছ সুনির্দিষ্ট উদ্যোগ গ্রহণ করে।

এই ১৮০ দিনে বিভাগের কার্যক্রমের কেন্দ্রে ছিল তথ্য-প্রযুক্তি সংক্রান্ত বিষয়ে সরকারের নির্বাচনী ইশতেহারে প্রতিশ্রুত প্রযুক্তিনির্ভর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন, দ্রুত ও নির্ভরযোগ্য ইন্টারনেট সংযোগ সম্প্রসারণ, ডিজিটাল অবকাঠামো শক্তিশালীকরণ, সাইবার নিরাপত্তা ও নাগরিকের তথ্য সুরক্ষা, গবেষণা ও উদ্ভাবনে বিনিয়োগ, স্টার্টআপ ইকোসিস্টেমের বিকাশ, কৃত্রিম বুদ্ধিমত্তা ও ভাষা প্রযুক্তির প্রয়োগ এবং নাগরিকবান্ধব ডিজিটাল সরকারি সেবার সম্প্রসারণ। পাশাপাশি জাতীয় ডাটা সেন্টার অবকাঠামোগত সক্ষমতা বৃদ্ধি, ডিজিটাল সার্বভৌমত্বের ভিত্তি সুদৃঢ়করণ এবং নিরাপদ ও দায়িত্বশীল ডিজিটাল পরিবেশ গড়ে তুলতে নীতি ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করার উদ্যোগ নেওয়া হয়েছে।

এই বুকলেটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের গত ১৮০ দিনের উল্লেখযোগ্য অর্জন, বাস্তবায়িত উদ্যোগ এবং ভবিষ্যৎ রূপান্তরের ভিত্তি হিসেবে গৃহীত কার্যক্রমসমূহ উপস্থাপন করা হয়েছে। এটি কেবল অর্জনের পরিসংখ্যান নয়; বরং প্রযুক্তিনির্ভর জনসেবা, উদ্ভাবন, কর্মসংস্থান, সুশাসন এবং ডিজিটাল রাষ্ট্রব্যবস্থা গঠনের পথে বর্তমান সরকারের বলিষ্ঠ নেতৃত্বে বাংলাদেশের অগ্রযাত্রার একটি সংক্ষিপ্ত দলিল।

# তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের প্রতিশ্রুতিসমূহ

- দশ লক্ষ নতুন কর্মসংস্থান
- সবার জন্য দ্রুত ও নির্ভরযোগ্য ইন্টারনেট
- বৈশ্বিক ইন্টারনেট সংযোগ ও অবকাঠামো
- জাতীয় সাইবার নিরাপত্তা, সাইবার বুলিং ও নাগরিক তথ্য সুরক্ষা
- বিনিয়োগবান্ধব নীতি, স্টার্টআপ ও উদ্ভাবন ফান্ড
- এআই হাব এবং হার্ডওয়্যার উৎপাদন
- এআই-চালিত, ডাটা সেন্টার ক্যাম্পাস, এজ ডাটা সেন্টার ও ডিজিটাল সার্বভৌমত্ব
- উন্মুক্ত প্রতিযোগিতা সৃষ্টি ও সাশ্রয়ী সেবা নিশ্চিতকরণ

# দশ লক্ষ নতুন কর্মসংস্থান

বাংলাদেশের তরুণ জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে রূপান্তর ও ১০ লাখ নতুন কর্মসংস্থান সৃষ্টির নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নে প্রযুক্তিনির্ভর কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সম্প্রসারণে গুরুত্ব দেওয়া হয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তা, ফ্রিল্যান্সিং, অটোমেশন, ডাটা সায়েন্স, রোবোটিক্স ও সাইবার নিরাপত্তাসহ উদীয়মান প্রযুক্তিতে দক্ষতা উন্নয়নে গত ১৮০ দিনে বিভিন্ন প্রশিক্ষণ, বৃত্তি, ফেলোশিপ, অনুদান, প্রোগ্রামিং ও উদ্যোক্তা উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। এসব উদ্যোগ প্রযুক্তিখাতে দক্ষ জনশক্তি গড়ে তোলা, আত্মকর্মসংস্থান সম্প্রসারণ এবং ১০ লাখ নতুন কর্মসংস্থান সৃষ্টির বৃহত্তর লক্ষ্য অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

১  **১১,৭১০** জনকে আইসিটির বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান




ছবি: শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান



ছবি: ঢাকা বিশ্ববিদ্যালয়ে সিএসই বিভাগে প্রশিক্ষণ

# সবার জন্য দ্রুত ও নির্ভরযোগ্য ইন্টারনেট

ডিজিটাল বৈষম্য কমিয়ে সবার জন্য দ্রুত ও সাশ্রয়ী ইন্টারনেট নিশ্চিত করার লক্ষ্যে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিশেষ পদক্ষেপ গ্রহণ করেছে। এ সময়ে দেশের শিক্ষা প্রতিষ্ঠান, সরকারি দপ্তর, সেবামূলক প্রতিষ্ঠান এবং উপজেলা পর্যায়ের তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে ব্রডব্যান্ড সংযোগ সংখ্যা বৃদ্ধিও জোরদার করা হয়েছে। এর মাধ্যমে দেশের ডিজিটাল সংযোগের পরিধি বৃদ্ধির পাশাপাশি শিক্ষা, স্বাস্থ্য, প্রশাসন ও কর্মসংস্থানের সুযোগ আরও বিস্তৃত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জিত হয়েছে।

বাংলাদেশ সচিবালয়ের নবনির্মিত ১নং ভবনে **১৫০টি** ওয়াই-ফাই অ্যাক্সেস পয়েন্ট স্থাপন করা হয়েছে

**১৯,৮২২টি** প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদান সম্পন্ন



ছবি: বাংলাদেশ সচিবালয়ের ১ নং ভবন



ছবি: সচিবালয়ে Wifi একসেস পয়েন্ট স্থাপন

# বৈশ্বিক ইন্টারনেট সংযোগ ও আইসিটি অবকাঠামো

আধুনিক ডিজিটাল অবকাঠামো সম্প্রসারণ ও সরকারি সেবায় নিরাপদ সংযোগ নিশ্চিত করার লক্ষ্যে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে। এ সময়ে উপজেলা সেবা ও প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে আধুনিক ল্যাব ও প্লাগ-এন্ড-প্লে সুবিধাসম্পন্ন সমন্বিত প্রযুক্তি প্ল্যাটফর্ম হিসেবে গড়ে তোলার পাশাপাশি সরকারি দপ্তরে Wi-Fi অবকাঠামো শক্তিশালী করা হয়েছে। এর মাধ্যমে তৃণমূল পর্যায়ে প্রযুক্তি সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি নিরাপদ ডিজিটাল প্রশাসনের ভিত্তি আরও সুদৃঢ় হয়েছে।

**১৫টি** উপজেলা সেবা ও তথ্য প্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে

## নির্মিত কেন্দ্রগুলো হলো:

১. ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গি
২. নওগাঁর মহাদেবপুর
৩. নাটোরের লালপুর
৪. কক্সবাজারের রামু
৫. খাগড়াছড়ির পানছড়ি
৬. চাঁদপুরের কচুয়া
৭. ফেনীর ছাগলনাইয়া
৮. নরসিংদীর রায়পুরা
৯. টাঙ্গাইলের দেলদুয়ার
১০. চুয়াডাঙ্গার জীবননগর
১১. ফরিদপুরের নগরকান্দা
১২. বাগেরহাটের রামপাল
১৩. মাগুরার মোহাম্মদপুর
১৪. পিরোজপুর সদর
১৫. পিরোজপুরের মঠবাড়িয়া



ছবি: উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র

# জাতীয় সাইবার নিরাপত্তা, সাইবার বুলিং ও নাগরিক তথ্য সুরক্ষা

নিরাপদ ডিজিটাল পরিবেশ নিশ্চিত করা এবং নাগরিকদের তথ্য ও গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামোর সুরক্ষা জোরদারে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বেশ কিছু কার্যকর উদ্যোগ নিয়েছে। এ সময়ে সাইবার ঝুঁকি শনাক্তকরণ, ডিজিটাল ফরেনসিক সক্ষমতা বৃদ্ধি, নিরাপদ ডিজিটাল স্বাক্ষর ব্যবস্থা এবং সাইবার অভিযোগ ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে। একই সঙ্গে সরকারি প্রতিষ্ঠান ও আর্থিক খাতের সাইবার নিরাপত্তা সক্ষমতা জোরদারের মাধ্যমে ডিজিটাল পরিসরে আস্থা ও স্থিতিশীলতা নিশ্চিত করার প্রাতিষ্ঠানিক ভিত্তি আরও শক্তিশালী হয়েছে।




e-Sign Guideline, 2020 এবং Digital Signature Interoperability Guideline, 2025 হালনাগাদ করা হয়েছে




নাগরিক ও প্রতিষ্ঠানের সাইবার অভিযোগ গ্রহণ, যাচাই ও ট্র্যাকিংয়ের জন্য Cyber Incident Reporting System (CIRS) চালু করা হয়েছে

report.ncsa.gov.bd




ন্যাশনাল আইসিটি ও সাইবার সিকিউরিটি রেটিং সিস্টেম (NRS) চালু হয়েছে

nrs.ncsa.gov.bd



দেশব্যাপী সাইবার নিরাপত্তা অলিম্পিয়াড আয়োজন করা হয়েছে

**১৭টি** আঞ্চলিক ভেন্যুতে প্রতিযোগিতা

**৫১ জন** প্রতিযোগীকে নিয়ে জাতীয় পর্যায়ের ফাইনাল অনুষ্ঠিত হয়েছে




ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান ও গুরুত্বপূর্ণ তথ্য পরিকাঠামো নিয়ে **'জাতীয় সাইবার ড্রিল ২০২৬'** আয়োজন করা হয়েছে




**৫টি আইটি অবকাঠামোর রিস্ক-বেইজড অডিট সম্পন্ন** করার লক্ষ্যে আইটি অডিট কার্যক্রম সম্পন্ন




সাইবার সেন্সর সেবার মাধ্যমে সম্ভাব্য সাইবার হুমকি ও অস্বাভাবিক কার্যক্রম শনাক্ত করে **রিয়েল-টাইম প্রতিবেদন প্রদান** করা হয়েছে

# জাতীয় সাইবার নিরাপত্তা, সাইবার বুলিং ও নাগরিক তথ্য সুরক্ষা




ছবি: জাতীয় সাইবার নিরাপত্তা অলিম্পিয়াড ২০২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের একাংশ




ছবি: CIRS এবং NRS সেবার উদ্বোধন করছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ফকির মাহবুব আনাম, এমপি




ছবি: CIRS ও NRS সেবার উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ এবং অন্যান্য অতিথিবৃন্দ

# বিনিয়োগবান্ধব নীতি, স্টার্টআপ ও উদ্ভাবন ফান্ড

গবেষণা, উদ্ভাবন ও প্রযুক্তিনির্ভর উদ্যোক্তা তৈরির মাধ্যমে জ্ঞানভিত্তিক অর্থনীতি গঠনের লক্ষ্যে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। এ সময়ে বিশ্ববিদ্যালয়ভিত্তিক গবেষণায় অর্থায়ন, স্টার্টআপে ভেঞ্চার ক্যাপিটাল বিনিয়োগ এবং উদ্যোক্তাদের জন্য নীতিগত সহায়তা দেওয়া হয়েছে। পাশাপাশি জাতীয় পর্যায়ে একটি সমন্বিত প্ল্যাটফর্ম চালুর মাধ্যমে সরকারি সুযোগ-সুবিধা সহজলভ্য করা হয়েছে, ফান্ড অব ফান্ডস চালু করা হয়েছে যা দেশে উদ্যোক্তা ও স্টার্টআপ বিকাশের শক্তিশালী ইকোসিস্টেম গঠনে বড় অগ্রগতি এনেছে।




**৩টি** বিশ্ববিদ্যালয়ে ইনোভেশন হাব প্রতিষ্ঠা



**৭৬ টি** গবেষণা ও উদ্ভাবনী প্রকল্পের জন্য ৪১.২৮ কোটি টাকা অর্থায়ন সম্পন্ন



ফ্রিল্যান্সার ও প্রযুক্তি কর্মীদের জন্য ওয়ার্কিং স্পেস নীতিমালার খসড়া প্রণীত



প্রযুক্তিনির্ভর ৩টি স্টার্টআপে ৭ কোটি টাকা বিনিয়োগ



স্টার্টআপ বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে **ফান্ড অব ফান্ডস** চালু

# বিনিয়োগবান্ধব নীতি, স্টার্টআপ ও উদ্ভাবন ফান্ড




ছবি: 'তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি এবং অন্যান্য অতিথিবৃন্দ




ছবি: 'তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান, এমপি




ছবি: 'জাতীয় স্টার্টআপ ও উদ্যোক্তা প্ল্যাটফর্ম' পোর্টাল (startup.ictd.gov.bd)

# বিনিয়োগবান্ধব নীতি, স্টার্টআপ ও উদ্ভাবন ফান্ড




ছবি: বাংলাদেশ ফান্ড অব ফান্ডস্ এর প্রেস ব্রিফিংয়ের একাংশ




ছবি: বাংলাদেশ ফান্ড অব ফান্ডস্ এর প্রেস ব্রিফিংয়ের একাংশ




ছবি: বিশ্ববিদ্যালয়ে ইনোভেশন হাব -এর একাংশ



ছবি: বিশ্ববিদ্যালয়ে ইনোভেশন হাব -এর একাংশ

# এআই হাব এবং হার্ডওয়্যার উৎপাদন

কৃত্রিম বুদ্ধিমত্তা ও দেশীয় প্রযুক্তির সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বাংলা ভাষাভিত্তিক AI, সরকারি সেবায় LLM-এর প্রয়োগ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য অন্তর্ভুক্তিমূলক ডিজিটাল প্রযুক্তি উন্নয়নে কাজ করেছে। একই সঙ্গে ভাষাগত বৈচিত্র্য সংরক্ষণ এবং AI ও হার্ডওয়্যার উৎপাদনে দেশীয় সক্ষমতা বাড়াতে পরিকাঠামোগত বিনিয়োগ সম্প্রসারণ করা হয়েছে। এসব উদ্যোগ দেশের নিজস্ব প্রযুক্তি সক্ষমতা বাড়ানোর পাশাপাশি নাগরিকবান্ধব ডিজিটাল সেবা ও ভবিষ্যৎ প্রযুক্তিনির্ভর অর্থনীতির ভিত্তি শক্তিশালী করছে।



# এআই হাব এবং হার্ডওয়্যার উৎপাদন




ছবি: গাজীপুরের কালিয়াকৈর হাই-টেক পার্কে Dhaka Colo (Pvt.) Ltd. প্রতিষ্ঠানকে জমি বরাদ্দ প্রদান ও দ্বিপাক্ষিক চুক্তি সম্পাদন




ছবি: বাংলা সাইন ল্যাঙ্গুয়েজ প্ল্যাটফর্ম ইশারা (ishaara.ai)




ছবি: বাংলা হ্যান্ডরাইটিং OCR চালু (ocr.bangla.gov.bd)




ছবি: বাংলাদেশের ৪২টি আঞ্চলিক ভাষার ডিজিটাল ল্যাঙ্গুয়েজ আর্কাইভ (multiling.cloud)

# এআই চালিত ডাটা সেন্টার ক্যাম্পাস, এজ ডাটা সেন্টার ও ডিজিটাল সার্বভৌমত্ব

জাতীয় তথ্য অবকাঠামো ও নিরাপদ ডাটা ব্যবস্থাপনা জোরদারের লক্ষ্যে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। এ সময়ে জাতীয় ডাটা সেন্টারের ক্লাউড, স্টোরেজ, প্রসেসিং ও নিরাপত্তা সক্ষমতা সম্প্রসারণের পাশাপাশি Disaster Recovery ব্যবস্থা শক্তিশালী করা হয়েছে এবং AI চালিত ডাটা সেন্টার স্থাপনের অবকাঠামোগত প্রস্তুতি এগিয়ে নেওয়া হয়েছে। এসব পদক্ষেপ দেশের ডাটা সার্বভৌমত্ব সুদৃঢ় করার পাশাপাশি গুরুত্বপূর্ণ ডিজিটাল সেবার স্থিতিস্থাপকতা বহুগুণে বৃদ্ধি করেছে।






ছবি: নতুন ৩তলা বিশিষ্ট ডিআর ভবনের নকশা

# উন্মুক্ত প্রতিযোগিতা সৃষ্টি ও সাশ্রয়ী সেবা নিশ্চিতকরণ

নাগরিকের দোরগোড়ায় দ্রুত ও স্বচ্ছ সরকারি সেবা পৌঁছে দিতে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ মাইগভ প্ল্যাটফর্মে নতুন ডিজিটাল সেবা যুক্ত করেছে। একই সঙ্গে ই-অ্যাপোস্টিল, ই-টিকেটিং, RFID-ভিত্তিক ডি-টোল ব্যবস্থা চালু এবং সেবামূলক নথি ব্যবস্থাপনায় ডিজিটাল স্বাক্ষরের ব্যবহার বাড়ানো হয়েছে। এসব উদ্যোগের মাধ্যমে সরকারি সেবা গ্রহণ আরও সহজ ও সাশ্রয়ী হয়েছে এবং একটি আধুনিক, প্রযুক্তিনির্ভর সেবাব্যবস্থার ভিত্তি সুদৃঢ় হয়েছে।












# উন্মুক্ত প্রতিযোগিতা সৃষ্টি ও সাশ্রয়ী সেবা নিশ্চিতকরণ




ছবি: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ এর সমাপনী অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ফকির মাহবুব আনাম, এমপি




ছবি: জাতীয় হাইস্কুল প্রোগ্রামিং প্রতিযোগিতা ২০২৬ এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ফকির মাহবুব আনাম, এমপি , অন্যান্য অতিথিবৃন্দ এবং বিজয়ীগণ



ছবি: যমুনা সেতুতে ডি-টোল লাইভ টেস্টিং




ছবি: মাইগভ প্ল্যাটফর্ম এর ওয়েব পোর্টাল (mygov.bd)

# অন্যান্য কৌশলগত উদ্যোগ

একটি আধুনিক, নিরাপদ ও জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে গত ১৮০ দিনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কৌশলগত নীতি ও আইনি কাঠামো সুদৃঢ় করেছে। এ সময়ে নাগরিকের ডিজিটাল পরিচয়, নিরাপদ তথ্য ব্যবস্থাপনা, স্টার্টআপ ইকোসিস্টেমের উন্নয়ন এবং সরকারি যোগাযোগের আধুনিকায়নে গুরুত্বপূর্ণ উদ্যোগ নেওয়া হয়েছে। নতুন প্রযুক্তি আইন ও নীতিমালা প্রণয়নের মাধ্যমে দেশের ডিজিটাল অর্থনীতি সুরক্ষা পাওয়ার পাশাপাশি একটি দায়িত্বশীল প্রযুক্তিনির্ভর পরিবেশ তৈরির ভিত্তি শক্তিশালী হয়েছে।




সাইবার সুরক্ষা আইন, ২০২৬; ব্যক্তিগত উপাত্ত সুরক্ষা আইন, ২০২৬ এবং জাতীয় উপাত্ত ব্যবস্থা আইন, ২০২৬ জাতীয় সংসদে অনুমোদন




One Citizen One ID One Digital Wallet বাস্তবায়ন পরিকল্পনা প্রণীত

তারুণ্য স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ

মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে "তারুণ্য, স্টার্টআপ ও সম্ভাবনার বাংলাদেশ" শীর্ষক আয়োজন অনুষ্ঠিত




৫০০ কোটি টাকা Startup Fund বাস্তবায়নের লক্ষ্যে Startup Ecosystem পুনর্গঠন




'জাতীয় স্টার্টআপ ও উদ্যোক্তা প্ল্যাটফর্ম' পোর্টালের (startup.ictd.gov.bd) আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে




তথ্যের নিরাপদ ও অবাধ প্রবাহ এবং Interoperability নিশ্চিত করতে National Responsible Data Exchange (NRDEX)-এর সফল পাইলট সম্পন্ন




জাতীয় ডাটা সেন্টার হতে সরকারি দপ্তরসমূহের জন্য নতুন নিরাপদ ও উন্নত ই-মেইল সেবা (Microsoft Outlook ভিত্তিক) চালু।

# ভবিষ্যতের পথচলা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৮০ দিনের কর্মসূচির প্রকাশনা শুধু একটি অর্জনের দলিল নয়, বরং আগামীর ডিজিটাল রূপান্তরের জন্য একটি সুস্পষ্ট পথনকশা।

এই অভিজ্ঞতা ও অর্জনকে ভিত্তি করে পরবর্তী ধাপে আরও সমন্বিত, নাগরিককেন্দ্রিক ও ফলাফলভিত্তিক উদ্যোগ গ্রহণের সুযোগ তৈরি হয়েছে।

প্রযুক্তির কার্যকর ব্যবহার, আন্তঃপ্রাতিষ্ঠানিক সমন্বয় এবং উদ্ভাবনের মাধ্যমে প্রযুক্তিকে জনকল্যাণমুখী ও অন্তর্ভুক্তিমূলক করাই হবে আমাদের অগ্রাধিকার।

১৮০ দিনের এই অগ্রযাত্রা তাই কোনো সমাপ্তি নয় বরং একটি পরিকল্পিত, টেকসই ও জনবান্ধব ডিজিটাল রূপান্তরের নতুন সূচনা।

ICT DIVISION

FUTURE IS HERE

ictd.gov.bd

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার